# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 16.07.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যপাল সি ভি আনন্দ বোস সম্পর্কে মুখ্যমন্ত্রী, অমার্যদাকর কোনো মন্তব্য করতে পারবেন না বলে অন্তর্বর্তী নিদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

২) স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ র গোটা প্যানেল বাতিল করে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের রায়ের বিরুদ্ধে আবেদনের শুনানী, সুপ্রিম কোর্ট তিন সপ্তাহ স্থগিত রেখেছে।

আবেদনকারী সব পক্ষকে দু সপ্তাহের মধ্যে পাল্টা হলফনামা দাখিল করতে হবে।

৩) কাউকে নিজের হাতে আইন তুলে নিতে দেওয়া হবে না বলে জানিয়েছেন রাজ্য পুলিশের ডিজির দায়িত্বে ফেরা রাজীব কুমার।

৪) খোলা বাজারে সব্জি ও অন্যান্য নিত্য প্রয়োজনমীয় জিনিসের দাম মানুষের নাগালে রাখতে সংশ্লিষ্ট সবাইকে রাজ্য সরকার, নিয়মিত নজরদারি চালাতে বলেছে।

৫) রাঙাপানির কাছে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনার প্রথমিক তদন্ত রিপোর্টে সামগ্রিকভাব রেলের পরিচালন ব্যবস্থার গলদই উঠে এসেছে।

---

রাজ্যপাল সি ভি আনন্দ বোস সম্পর্কে মুখ্যমন্ত্রী, অমার্যদাকর কোনো মন্তব্য করতে পারবেন না বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। আজ এক অন্তর্বর্তী নির্দেশে মুখ্যমন্ত্রী

ছাড়াও তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ এবং ঐ দলের দুই বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় ও রেয়াত হোসেন সরকারকে রাজ্যপালের পক্ষে অসম্মানজনক মন্তব্য করা থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছেন বিচারপতি কৃষ্ণা রাও।

দুই বিধায়কের শপথ গ্রহণ নিয়ে মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আদালতে মানহানির মামলা করেছিলেন রাজ্যপাল। সেই মামলাতেই আজ এই অন্তর্বর্তী নির্দেশ দেওয়া হল।

------------------------

সম্প্রতি চার বিধানসভা উপনির্বাচনে অধিকাংশ ভোটদাতাকে ভোট দিতে দেওয়া হয়নি বলে বিজেপি অভিযোগ করেছে। উপ নির্বাচনে যারা ভোট দিতে পারেননি তাদের মধ্যে থেকে প্রতিকী হিসেবে ১০০জনকে নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সন্ধ্যায় রাজ্যপালের সঙ্গে দেখা করে এই অভিযোগ করেন। তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সরকার, পুলিশ এবং শাসকদল আশ্রিত দুষ্কৃতীরা যৌথভাবে চারটি কেন্দ্রে যারা প্রকৃত ভোটদাতা তাদের একটা বড় অংশকে ভোট দিতে দেয় নি।

-----------------------

স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ র গোটা প্যানেল বাতিল করে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের রায়ের বিরুদ্ধে আবেদনের শুনানী, সুপ্রিম কোর্ট তিন সপ্তাহ স্থগিত রেখেছে। হাইকোর্টের গত ২২শে এপ্রিলের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে রাজ্য, এস এস সি ও চাকরিহারাদের আবেদনের শুনানির সময়, আজ প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে ডি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চ, মূল আবেদনকারী সব পক্ষকে দু সপ্তাহের মধ্যে পাল্টা হলফনামা দাখিল করার নির্দেশ দেন।

এই সময়সীমা পেরিয়ে যাওয়ার পর আর তা জমা দেওয়ার সুযোগ থাকবে না। হলফনামা পাঁচ পাতার মধ্যে সীমিত রাখতে হবে।

নিয়োগ দুর্নীতি মামলায় হাইকোর্টের ঐ রায়ে ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরি বাতিল হয়ে যায়। এর বিরুদ্ধে মামলাকারীদের আবেদনের ভিত্তিতে রায়ের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় সুপ্রিম কোর্ট। বলা হয়, আপাতত কারো চাকরি যাবে না। তবে বেআইনী নিয়োগ প্রমাণিত হলে ফেরত দিতে হবে পুরো বেতন।

শুনানী এবং তথ্যের স্পষ্টতার সুবিধার্থে শীর্ষ আদালত, বর্তমান মামলার পাঁচ পক্ষকে নথিভুক্ত করেছে। এরা হলো, পশ্চিমবঙ্গ সরকার, WBSSC, নবম থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষক এবং গ্রুপ সি ও ডি'তে চাকরির জন্য নির্বাচিত না হওয়া মূল আবেদনকারী, যাদের নিয়োগ বাতিল হয়েছে আর সিবিআই। এই পাঁচ পক্ষের বাইরেও কেউ বক্তব্য পেশ করতে চাইলে, বেঞ্চ তা শুনবেন।

আদালতকে আরো ভালোভাবে সহায়তার জন্য চারজন নোডাল কৌঁসুলি নিয়োগ করা হয়েছে। তিন সপ্তাহ পর ৬ ই আগস্ট মামলার পরবর্তী শুনানি।

----------------------

২০১৬ সালের টেটের ৪২ হাজার নিয়োগের প্যানেল ১৫ দিনের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। ২০১৪-র টেটের ভিত্তিতে ২০১৬-য় প্রাথমিক স্কুলে ৪২ হাজার শূন্য পদে নিয়োগ হয়। এই নিয়োগে অনিয়মের অভিযোগে হাইকোর্টে দায়ের হওয়া মামলার শুনানিতে আজ বিচারপতি অমৃতা সিনহা ওই ৪২ হাজার নিয়োগের তালিকা দেখতে চান। কারা যোগ্য এবং কারা চাকরি পেয়েছেন, তা ওই

তালিকা থেকে জানা সম্ভব বলে জানান বিচারপতি সিনহা। ৩০ জুলাই মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে।

----------------------

টেটের নষ্ট ওএমআর শিটের তথ্য উদ্ধারে কলকাতা সাদার্ন অ্যাভিনিউয়ের এস বসু রায় অ্যান্ড কোম্পানীর অফিসে টানা চারদিন তল্লাশি চালানোর পর সেখানকার কর্তা ও কর্মচারীদের জিজ্ঞাসাবাদ শুরু করেছে সিবিআই। ঐ অফিস থেকে ৩৬ টি হার্ড ডিস্ক ও দুটি সার্ভার বাজেয়াপ্ত করা হয়। মুছে ফেলা তথ্য উদ্ধারে সার্ভার দুটি হায়দ্রাবাদের ফরেন্সিক ল্যাবে পাঠানো হয়েছে। তল্লাশিতে কেন্দ্রীয় সংস্থার তদন্তকারীদের সঙ্গে ছিলেন দুই তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞ।

----------------------

কেউ নিজের হাতে আইন তুলে নিতে চাইলে তার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করা হবে। সেক্ষেত্রে রাজনীতির কোনো রং দেখা হবে না। রাজ্য পুলিশের মহানির্দেশক পদে ফেরার পর রাজীব কুমার আজ নবান্নে এই বার্তা দিয়েছেন।

বাইট

একইসঙ্গে কোনও ধরনের অপ্রীতিকর পরিস্থিতি তৈরি হলে সঙ্গে সঙ্গে পুলিশকে তা জানানোর পরামর্শ দিয়েছেন তিনি। সম্প্রতি রাজ্যে একাধিক গণপিটুনির ঘটনা ঘটেছে। পরিস্থিতির জন্য অনেকে পুলিশি নিষ্ক্রিয়তাকেও দায়ী করেছিলেন। এ ব্যাপারে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজীব কুমার বলেন, পুলিশ পরিস্থিতির উপর নজর রাখছে। কোথাও কোনও সমস্যা হলে নিজেরা আইন হাতে তুলে না নিয়ে পুলিশকে জানান।

-----------------------

আড়িয়াদহ কান্ডে তালতলা স্পোর্টিং ক্লাবের ভিতরে এক নাবালককে বিবস্ত্র করে নৃশংস অত্যাচারের ঘটনায় ধৃত প্রসেন দাস ওরফে লাল্টুকে ব্যারাকপুর আদালত আজ অন্তর্বর্তী জামিন দিয়েছে। অভিযুক্তের আইনজীবী আদালতে জামিনের পক্ষে সওয়াল করে বলেন, নির্যাতিত নাবালককে পুলিশ খুঁজে পায়নি। সে নাবালক কিনা, ভাইরাল ভিডিওয়ে তাও পরিষ্কার বোঝা যাচ্ছে না।

-----------------------

উত্তর দিনাজপুরের চোপড়ার সালিশী সভায় নির্যাতনের ছায়া এবার দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে। সালিশি সভার নামে এক মহিলাকে বাড়িতে ডেকে শিকল দিয়ে বেঁধে অত্যাচারের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস কর্মী জামালউদ্দিন সরদারের বিরুদ্ধে। অন্যের জমি হাতিয়ে তিনি প্রাসাদোপম বাড়ি করেছেন বলেও অভিযোগ স্থানীয় বাসিন্দাদের। নির্যাতিতার পাশে দাঁড়িয়েছেন বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল। তাঁকে কাছে পেয়ে আজ এলাকার মানুষ জামালের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দেন। তাঁরা জানান, এলাকায় জমি কেনাবেচা থেকে দাম্পত্য কলহ, সবেতেই হস্তক্ষেপ করতেন জামাল। সোনারপুর থানার পুলিশের সঙ্গে তার দহরম মহরম থাকায় ভয় দেখিয়ে এলাকায় আধিপত্য কায়েম করেছিলেন জামাল।

অন্যদিকে সোনারপুর দক্ষিণের বিধায়ক লাভলী মৈত্রের দাবি, জামাল সরদার তৃণমূল কংগ্রেসের কেউ নয়। তার সঙ্গে দলের কোনো যোগ নেই।

-----------------------

রাজ্য সরকার, খোলাবাজারে সবজি ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম সাধারণ মানুষের নাগালে রাখতে বাজারগুলিতে নিয়মিত নজরদারি চালিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছে। দশ দিনের মধ্যে সবজির দাম কমাতে মুখ্যমন্ত্রী নির্দেশ দেওয়ার পর বাজারদরের বর্তমান অবস্থা নিয়ে মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা আজ নবান্নে কৃষি বিপণন দপ্তর, টাস্ক ফোর্স, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, পুলিশ, বিভিন্ন জেলার পুলিশ সুপার ও জেলা শাসকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। সেখানে খোলা বাজারে সবজির দাম কমতে শুরু করেছে বলে টাস্ক ফোর্স এর সদস্যরা জানালে বাজারগুলিতে নিয়মিত নজরদারি রাখার কথা বলা হয়।

----------------------

রাঙাপানির কাছে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনার তদন্ত রিপোর্টে সামগ্রিকভাব রেলের পরিচালন ব্যবস্থার গলদই উঠে এসেছে। উত্তর পূর্ব সীমান্ত রেলের মুখ্য সুরক্ষা কমিশনার জনক কুমার গর্গ প্রাথমিক যে রিপোর্ট রেল বোর্ডের কাছে জমা দিয়েছেন, তাতে এই অব্যবস্থার দিকটি সামনে এসেছে। বলা হয়েছে, স্বয়ংক্রিয় সিগন্যালিং ব্যবস্থায় ট্রেন চলাচল পরিচালনা করার মত উপযুক্ত প্রশিক্ষণের অভাব ছিল ট্রেন চালক, ম্যানেজার ও স্টেশন মাস্টারের। মালগাড়ির চালক নির্দিষ্ট গতি মেনে ট্রেন চালাচ্ছিলেন কিনা, সেই প্রশ্ন আগেই তুলেছিলেন রেল কর্তৃপক্ষ। ১৭ ই জুনের ঐ দুর্ঘটনায় মালগাড়ির চালক সহ ১১ জনের মৃত্যু হয়।

----------------------

বাড়ির ভেতর শোবার ঘরে খাটের নীচে সুড়ঙ্গ আবিষ্কারের ঘটনায়, দক্ষিণ ২৪ পরগণার কুলতলির পয়তারহাট গ্রামের প্রতারক সাদ্দাম সর্দার এখন খবরের শিরোনামে। জানা গেছে, বাড়ি থেকেই ১৫ বছর ধরে নকল সোনার কারবার চালাচ্ছিল

সাদ্দাম ও তার ভাই সায়রুল-সহ গোটা পরিবার। উঠে আসছে চাঞ্চল্যকর সব তথ্য। সাদ্দামের জাল নোটের ব্যবসা ছিল বলেও সন্দেহ পুলিশের। শুধু সাদ্দামের পরিবার নয়, গোটা পয়তারহাট গ্রাম নকল সোনার কারবারিদের মুক্তাঞ্চল হয়ে উঠেছিল। ত্রিভুজাকৃতি এই দলের মাথায় ছিল ২ জন, ছাকাত ও বোটো। সাদ্দাম, তার ভাই সায়রুল ও ছাকাতের ছেলে শাহজাহানকে সামনে রেখে প্রতারণার কারবার চালানো হত। এরাই ফাঁদ পেতে শিকার ধরত। তাকে সোনার মূর্তি বিক্রির লোভ দেখিয়ে নিজেদের ডেরায় ডেকে এনে মারধর করে টাকা লুঠ করতো তারা। তারপর সুড়ঙ্গ দিয়ে চম্পট দিত। পুলিশি অভিযানের পর দলের সবাই পলাতক। ধরা পড়েছে সাদ্দাম ও তার ভাইয়ের স্ত্রী। তাদের জেরা করে সাদ্দাম এবং তার দলবলের প্রতারণার কারবারের তল পেতে চাইছে পুলিশ।

উল্লেখ্য, সাদ্দামকে ধরতে গতকাল সকালে কুলতলির জালাবেরিয়া দু নম্বর গ্রাম পঞ্চায়েতের পয়তারহাটে গিয়ে আক্রান্ত হয় পুলিশ। সাদ্দামকে পুলিশের হাত থেকে ছিনিয়ে নেওয়া হয়। জখম হন দুই এসআই সহ তিন পুলিশ কর্মী।

---------------------

কুলতলির সুরঙ্গটি কি কাজে ব্যবহার করা হত, পুলিশ তা তদন্ত করে দেখছে বলে রাজ্য পুলিশের এডিজি আইনশৃঙ্খলা মনোজ ভার্মা জানিয়েছেন।

বাইট

রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারও বলেছেন, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

বাইট

---------------------

ইউটিউব দেখে বোমা বানিয়ে গ্রেপ্তার হয়েছে দক্ষিণ ২৪ পরগণার জয়নগর পুরসভার ৭ নম্বর ওয়ার্ডের তিলিপাড়ার বাসিন্দা এক তরুণ। প্রবীর চট্টোপাধ্যায় নামে বছর ১৮ র ঐ তরুণের বাড়ি থেকে উদ্ধার হয়েছে বোমা তৈরির মসলা। পরিবার সূত্রে জানা গিয়েছে, সারাক্ষণ ঘর বন্ধ করে মোবাইল নিয়ে থাকতো প্রবীর। কেউ ঘরে ঢুকলে বিরক্ত হতো। সম্প্রতি কিছু যুবকের সঙ্গে তার ঝামেলা হয়। তাদের শায়েস্তা করার জন্য বোমা তৈরির ছক কষে সে।

-----------------------

উত্তর দিনাজপুরের ইসলামপুরে তৃণমূল কংগ্রেস নেতা বাপি রায়ের খুনের ঘটনায় মূল অভিযুক্ত অনিকেত সরকারকে শিলিগুড়ির ফাঁসিদেওয়া ব্লকের বিধাননগর এলাকা থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। নিহত তৃণমূল নেতার স্ত্রী লিপি বিশ্বাস রায়ের অভিযোগের ভিত্তিতে ধরা হয় তাকে। জানা গেছে, বাপির সঙ্গে অনিকেতের ব্যবসায়িক সম্পর্ক ছিল। তার বিরুদ্ধে খুন সহ জামিন অযোগ্য একাধিক ধারায় মামলা রুজু করা হয়েছে। ইসলামপুর মহকুমা আদালতে আজ তাকে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

-----------------------

পূর্ব মেদিনীপুরের মন্দারমনিতে আজ দুপুরে উত্তাল সমুদ্রে স্নান করতে নেমে ৬ পর্যটক তলিয়ে যান। ৫ জনকে দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে শঙ্কর চক্রবর্তী ও কৌশিক মন্ডল নামে দুজনকে মৃত ঘোষণা করা হয়। একজন এখনও নিখোঁজ। দুর্গাপুর থেকে এই ৬ জন মন্দারমনি বেড়াতে গিয়েছিলেন।

----------------------- ------------------